

গায়ক - আনসাদ ফকির
পদকর্তা - খতিব শা

পাখি যদি মারবি ও ব্যাধ ও তুই সাবধানেতে নল চালা
শোন রে ও ব্যাধ তোরে বলি সাবধানেতে রাখিস ফলি
নইলে পাখি যাবে চলি দেখিয়া তোর সাধ নলা।
পাখি যদি মারবি ও ব্যাধ সাবধানেতে নল চালা।
পাখি মারার হিসাব আছে ও তুমি শিক্ষা নাও গো গুরুর কাছে
ও নইলে নল ধরা তোর হবে মিছে নল যাবে হেলাদোলা
পাখি যদি মারবি ও ব্যাধ সাবধানেতে নল চালা।
ও তুই সাবধানেতে নল চালা ওরে আস্তে আস্তে পা ফেলা
ও তোর খতিব শা কয় বিরস মনে মারবি পাখি দেখে শুনে
নইলে দোষ দেবে তোর জনে জনে খ্যাপা লোকে বলবে অবলা
পাখি যদি মারবি ও ব্যাধ সাবধানেতে নল চালা।
ওরে পাখির নামটি সবাই জানে কিন্তু পাখি কেউ না চিনে
ওরে লেখা আছে বেদ কোরানে নৈরাকার তাহার লীলা
পাখি যদি মারবি ওরে সাবধানেতে নল চালা।